

## বাংলাদেশ তাঁত বোর্ড

বিটিএমসি ভবন (৫ম তলা)  
৭-৯ কাওরান বাজার, ঢাকা-১২১৫  
[www.bhb.gov.bd](http://www.bhb.gov.bd)



স্মারক নং: ২৪.০৫.০০০০.৫৩২.৩৮.০৩৪.১৬-২৫

তারিখঃ ১৫ আষাঢ়, ১৪২৯ বঙ্গাব্দ।  
২৯ জুন ২০২২ খ্রিষ্টাব্দ।

বিষয়ঃ বাংলাদেশ তাঁত বোর্ডের আওতাধীন বেসিক সেন্টার কক্সবাজার কেন্দ্রের সার্বিক কার্যক্রম সরেজমিনে পরিদর্শনপূর্বক মূল্যায়ন প্রতিবেদন দাখিল প্রসঙ্গে।

সূত্রঃ ২৪.০৫.০০০০.৫৩২.৩৮.০৩৪.১৬, নং নথির নোট অনুচ্ছেদ-১৪৭-১৪৯, তারিখঃ ২১-০৬-২০২২।

উপর্যুক্ত বিষয়ে সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বার্ষিক কর্মসম্পাদন চুক্তির (APA) ৫ নং কৌশলগত উদ্দেশ্য “সেবার মানোন্নয়ন ও মূল্যায়ন” এর আওতায় ৫.৪ নং কার্যক্রম “আওতাধীন প্রতিষ্ঠানসমূহের মূল্যায়ন” এর ৫.৪.১ নং কর্মসম্পাদন সূচকে ২০২১-২২ অর্থবছরে বাংলাদেশ তাঁত বোর্ড কর্তৃক ০৬টি প্রতিষ্ঠান মূল্যায়নের জন্য লক্ষ্যমাত্রা নির্ধারিত রয়েছে। তৎপ্রেক্ষিতে ২০২১-২২ অর্থবছরের প্রতিষ্ঠান মূল্যায়ন পরিকল্পনা মোতাবেক কক্সবাজার বেসিক সেন্টার সরেজমিনে পরিদর্শনপূর্বক মূল্যায়ন কার্যক্রম সম্পন্ন করার বিষয়টি চেয়ারম্যান মহোদয় কর্তৃক অনুমোদিত হয়েছে। তৎপ্রেক্ষিতে নিম্ন স্বাক্ষরকারী এবং জনাব মোঃ আহসান উল্লাহ, কারিগরি কর্মকর্তা (পরিবীক্ষণ ও মূল্যায়ন) কর্তৃক ২১.০৬.২০২২ হতে ২৩.০৬.২০২২ তারিখ পর্যন্ত কক্সবাজার বেসিক সেন্টার সরেজমিনে পরিদর্শনপূর্বক মূল্যায়ন কার্যক্রম সম্পন্নকরত: প্রতিবেদন প্রণয়ন করা হয়। প্রণীত প্রতিবেদন পরবর্তী কার্যক্রম গ্রহণের নিমিত্ত এতদসঙ্গে দাখিল করা হলো।

সংযুক্তিঃ মূল্যায়ন প্রতিবেদন ১৬পৃষ্ঠা।

মোহাম্মদ ইছা মিয়া

প্রধান (পরিবীক্ষণ ও মূল্যায়ন) [অ:দা:]  
বাতাঁবো, ঢাকা।

চেয়ারম্যান  
বাংলাদেশ তাঁত বোর্ড

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে):

- ১। সদস্য (এসএন্ডএম/পরিঃ ও বাস্তবঃ) বাতাঁবো, ঢাকা।
- ২। প্রধান হিসাব রক্ষক ও এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তা, বাতাঁবো, ঢাকা।
- ৩। লিয়াজেঁ অফিসার, বেসিক সেন্টার কক্সবাজার।
- ৪। অফিস কপি।